

বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের অধিবেশন ও নির্বাচন অনুষ্ঠিত

বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের ১১তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচন ২০১০ গত ৭, ৮ ও ৯ জানুয়ারি রাজধানীর নিউ বেইলী রোডে।

৮ জানুয়ারি, সকাল ১০টায় গাইডের শতবর্ষ পূর্তি, অধিবেশন ও নির্বাচনের উদ্বোধন করেন বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের জাতীয় কমিশনার ফুলরাশী সরকার। সাত অঞ্চলের পতাকা, বিশ্ব গাইড পতাকা, জাতীয় পতাকা, বিশ্ব গাইড সঙ্গীত ও গাইড শতবর্ষ পূর্তির ফেস্টুন, বেগুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন রেঞ্জার কমিশনার সেলিনা চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার সাহেদা হোসেন চৌধুরী, রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার সৈয়দা রেহানা ইমাম, রেঞ্জার গাইডার, যুবান্নেত্রী, ট্রেনার ও রেঞ্জাররা।

উদ্বোধনী অনুষ্ঠানের পর প্রথম অধিবেশনে ব্যগত বক্তব্য রাখেন জাতীয় রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যান রেঞ্জার মোরশেদ আকতার। জাতীয় কমিশনার ফুলরাশী সরকার, রেঞ্জার কমিশনার সেলিনা চৌধুরী, কোষাধ্যক্ষ প্রফেসর ইয়াসমিন আহমেদ, প্রশিক্ষণ কমিশনার সাহেদা হোসেন চৌধুরী, আন্তর্জাতিক কমিশনার রওশন ইসলাম, রেঞ্জার গাইডার জাহানারা খান, যুবান্নেত্রী সোপা মুন্না চক্রবর্তী ও অন্যান্য গাইডারবৃন্দ রেঞ্জারদের উদ্দেশে বক্তব্য রাখেন। জাতীয় রেঞ্জার কাউন্সিলের সেক্রেটারি ২০০৯ সালের জাতীয় রেঞ্জার কাউন্সিলের কার্যক্রমের প্রতিবেদন পাঠ করেন। এরপর সাত অঞ্চলের রেঞ্জার কার্যক্রমের প্রতিবেদন পাঠ করেন ৭ ৭ অঞ্চলের রেঞ্জার। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন জনসংযোগ ও প্রচার কমিশনার রীতা জেসমিন। পরে রেঞ্জারদের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

দ্বিতীয় পর্বে ২০১০-২০১০ সালের দু'বছরের জন্য জাতীয় রেঞ্জার কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে জাতীয় রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যান নির্বাচিত হন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেঞ্জার ইউনিটের রেঞ্জার মিজা সরকার। ট্রেনার ও সেক্রেটারি পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজিলাতুন নেসা মুজিব হলের রেঞ্জার ইউনিটের রেঞ্জার মুক্তা আক্তার ও রোকিয়া হলের রেঞ্জার ইউনিটের রেঞ্জার শরীফ নূরজাহান নির্বাচিত হন। এছাড়া রাজধানী অঞ্চলের তিনজন, ঢাকা অঞ্চলের দু'জনও পাঁচ অঞ্চলের পাঁচজনসহ মোট তেরজন সদস্য নিয়ে জাতীয় রেঞ্জার কাউন্সিল গঠন করা হয়। নির্বাচনের পর রেঞ্জার ও গাইডাররা তাদের অঞ্চলের গাইডিং কার্যক্রমের নতুন কর্মসূচি প্রণয়ন ও অসুবিধাগুলো লিখিত আকারে পেশ করে। সব শেষে শপথ গ্রহণ ও দায়িত্ব হস্তান্তরের মধ্য দিয়ে '১১তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচন' সম্পন্ন হয়। অনুষ্ঠানের দায়িত্বে ছিলেন জাতীয় কার্যালয়ের ট্রেনার আফরোজা আক্তার। বিজ্ঞপ্তি



গাইডের শতবর্ষপূর্তি, ১০তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচনের উদ্বোধন করেন বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের জাতীয় কমিশনার ফুলরাশী সরকার